



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৫৬০০.০১৭.২৭.০০১.১৬-১০৫

তারিখ: ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলাধীন মহাদেবপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব মো: দেলোয়ার হোসেন এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০ (সংশোধনী/০৩ এর ৯(১)/৩০ ধারায় শিবালয় থানায় দায়েরকৃত মামলা নং-১৯(৮)২০২০ দায়ের হওয়ার প্রেক্ষিতে জেলা প্রশাসক, মানিকগঞ্জ বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলাধীন মহাদেবপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব মো: দেলোয়ার হোসেন এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০ (সংশোধনী/০৩ এর ৯(১)/৩০ ধারায় শিবালয় থানায় দায়েরকৃত মামলা নং-১৯(৮)২০২০ দায়ের হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলাধীন মহাদেবপুর ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ডের সদস্য জনাব মো: দেলোয়ার হোসেন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


২৫/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৫৬০০.০১৭.২৭.০০১.১৬-১০৫


তারিখ: ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: দেলোয়ার হোসেন, ইউপি সদস্য, ০৬নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), মহাদেবপুর ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২৫/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব